শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

ফোন # ০২৫৮৮৮৮২৫৯৯
e-mail : naogaonpbs1 @ gmail.com
Web : www.pbs1.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪০০.৫৩৬.০২.০০৮.২৩. ৭০৭

তারিখ- ২১ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ। / ০৬ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ।

## " নিয়োগ বিজ্ঞপ্তি "

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে নিম্নোক্ত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে "বিলিং সহকারী" পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।

| নিয়োগ বিজ্ঞপ্তি নং | পদের নাম | শূণ্য পদের সংখ্যা | বয়স সীমা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | মজুরী | যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|
| ২০২২-২০২৩/০১ | বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০৭ (সাত) টি পদ। (নিয়োগ প্রদানকালীন এর সংখ্যা কম/বেশী হতে পারে) | ০৭/০৩/২০২৩ খ্রিঃ বয়সসীমা নূন্যতম ১৮ বছর এবং ২১/০৩/২০২৩ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ২১/০৩/২০২৩ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩২ বছর। | (ক) প্রার্থীকে এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) টি শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ (ত্রিশ) টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। | দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা | নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী (নওগাঁ সদর, নিয়ামতপুর, বদলগাছী, মান্দা, রানীনগর, আত্রাই উপজেলা এবং মহাদেবপুর উপজেলার ভীমপুর ও চেরাগপুর ইউনিয়ন এবং বগুড়া জেলার আদমদিঘী উপজেলার সান্তাহার ইউনিয়নের ছাতনী, ঢেকড়া, প্রান্নাথপুর, দারিয়াপুর, কেল্লাপাড়া, পানলা, ডাংগাপাড়া ও চকজান গ্রামের) স্থায়ীভাবে বসবাসকারী শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলীঃ**

০১। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট www.pbs1.naogaon.gov.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্র সহ)। আবেদন ফরম A-4 সাইজের কাগজে হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফরম (ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আবেদন ফর্মটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে।

০৩। অসম্পূর্ণ আবেদন ফর্ম অর্থাৎ নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে " প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর চাহিত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহনযোগ্য নয়), নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি (১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং জেনারেল ম্যানেজার, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যে সত্যতা প্রমাণিত হলে যে কোন সময় তার প্রার্থীতা বাতিল বা পরবর্তীতে চাকুরীচ্যুত করা হবে।

০৭। বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের নাগরিক নয় এ রকম কোন ব্যক্তিকে বিয়ে করলে বা বিয়ে করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকলে অথবা যদি তিনি পূর্ববর্তী নিয়োগকারী কর্তৃক সততা, নৈতিক স্থলনের কারণে অপসারিত বা বরখাস্তকৃত হয়ে থাকেন অথবা যদি দেশের কোন ফৌজদারি আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়ে থাকেন তাহলে উক্ত প্রার্থী বা আবেদনকারী নিয়োগ লাভের জন্য বিবেচিত হবেন না।

০৮। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমে স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে প্রার্থীর কোন দাবীও গ্রহনযোগ্য হবে না। প্রতিষ্ঠানের যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

০৯। চাকুরীতে যোগদানের পূর্বে/পরে প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কাজের অনুমতিপত্র বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

১০। কোন কারন দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন গ্রহন বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১। সরকারী, আধা-সরকারী,স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৩। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষায় সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৪। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ইউনিয়ন পরিষদ/ পৌরসভা মেয়র/ সিটি কর্পোরেশন /জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়ন পত্রের মুলকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৫। প্রার্থীকে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর যে কোন অফিসে চাকুরী করতে বাধ্য থাকতে হবে।

১৬। আবেদনকারীকে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের (ক্রমিক নং-০১) আবেদনপত্র স্বহস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদি সহ আগামী **২১/০৩/২০২৩** খ্রিঃ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস যোগে প্রেরণ করতে হবে। বিলম্বে প্রেরিত আবেদন বাতিল বলে গন্য হবে।

১৭। যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার।
নওগাঁ পবিস-১

**<u>অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)</u>**

০১। নির্বহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (আইসিটি) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। {ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো}
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .........................পবিস-১/২/৩/৪।
০৬। জেলা প্রশাসক, নওগাঁ।
০৭। পুলিশ সুপার, নওগাঁ।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নওগাঁ সদর, নিয়ামতপুর, মান্দা, বদলগাছী, রানীনগর, আত্রাই উপজেলা।
০৯। সকল ডিজিএম, নওগাঁ পবিস-১।
১০। সকল এজিএম, নওগাঁ পবিস-১।
১১। এজিএম (প্রশাসন), নওগাঁ পবিস-১।- পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১২। এজিএম (আইটি), নওগাঁ পবিস-১।- ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৩। নোটিশ বোর্ড, নওগাঁ পবিস-১।

(মোঃ মনিরুল ইসলাম)
এজিএম (মানব সম্পদ) অঃ দাঃ।

ফরম নং- পমাসপ ১১০-০০২,ভার্সন-০১,তারিখ.........

**নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ বিলিং সহকারী " কাজ নাই মজুরী নাই" পদে প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম (সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

ISO 9001:2015 Certified

| পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে। |
|---|

জেনারেল ম্যানেজার
নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চকবিরাম, নওগাঁ।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-২০২২-২০২৩/০১

.......................................................... ৩. পদের ধরণঃ...............

২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

..................................................
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

..................................
৫. প্রকাশনার তারিখ

..............................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

..................................
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

.............................................;
৭. জন্ম তারিখ (......পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

.........................................
৮. মাতার নাম

......../......./..........(দিন/মাস/বছর)
৯. বয়স (০৭/০৩/২০২৩ খ্রিঃ তারিখে)

...............................................
১০. পিতার নাম

.............................................................
১১. ধর্ম

...............................................
১২. জাতীয়তা

..................................................
১৩. নিজ জেলা

...............................................
১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক(√)দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন):

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধী
☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

| ................................... | .................................... | .................................... | .................................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ.ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র/নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ................................... | .................................... | .................................... | .................................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ.ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

.................................... .................................................. ..................

১৯. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর    ২০. পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য    ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধু প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা,ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি যা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

.........................    ......................................

তারিখ    আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ISO 9001:2015 Certified

# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

প্রার্থীর রোল নম্বর :...............................................................

পরীক্ষার তারিখ :...............................................................

পরীক্ষার সময় :...............................................................

পরীক্ষা কেন্দ্রের নাম :...............................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা:...............................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ..............................

**(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)**

**পদের নামঃ**...............................................................

প্রার্থীর নাম...............................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ..................................................

...............................................................

...............................................................

...............................................................

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।